

ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা'র উপর প্রশিক্ষণ কর্মশালা

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১২ নভেম্বর ২০১৭ সকাল ১০.৩০ টায় ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনার উপর একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মশালাটি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম উদ্বোধন করেন। বাংলাদেশ লোক প্রশাসক প্রশিক্ষণ কেন্দ্রের পরিচালক (উপসচিব) মোঃ জাহিদুল ইসলাম এবং মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সহকারী সচিব রওশন আরা লাবনী প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালনা করেন। উল্লেখ্য, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র জাইকা'র কারিগরি সহায়তায় Improving Public Services Through Total Quality Management (IPS-TQM) শীর্ষক ৫ বছর মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম Small Improvement Project (SIP) ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মান উন্নয়ন শীর্ষক অংশে অর্ন্তভুক্ত করা হয়েছে। বর্ণিত অবস্থায় SIP সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্পষ্ট ধারণা থাকা ও ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। অতিরিক্ত সচিব প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষকবৃন্দ ও প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা গ্রহণে পরামর্শ প্রদান করেন।